# আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭ : ৯

## আরবি মূল আয়াত:

يٰمُوسٰىٓ اِنَّهٗٓ اَنَا اللّٰهُ الۡعَزِيۡزُ الۡحَكِيۡمُ ﴿۹﴾

## অনুবাদসমূহ:

হে মূসা, নিশ্চয় আমিই আল্লাহ, মহাপরাক্রমশালী, মহাপ্রজ্ঞাময়। — আল-বায়ান

হে মূসা! আমি মহা পরাক্রান্ত প্রজ্ঞাময় আল্লাহ। — তাইসিরুল

হে মূসা! আমিতো আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়। — মুজিবুর রহমান

O Moses, indeed it is I - Allah, the Exalted in Might, the Wise." — Sahih International

৯. হে মূসা! নিশ্চয় আমি আল্লাহ!(১) পরাক্রমশালী, প্রজ্ঞাময়,

(১) মূসা আলাইহিস সালামের এ ঘটনা। কুরআনের অন্যান্য স্থানেও বর্ণনা করা হয়েছে। সূরা ত্বা-হায় বলা হয়েছে, (إِنِّي أَنَا رَبُّكَ فَاخْلَعْ نَعْلَيْكَ إِنَّكَ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى * وَأَنَا اخْتَرْتُكَ فَاسْتَمِعْ لِمَا يُوحَىٰ * إِنَّنِي أَنَا اللَّهُ لَا إِلَٰهَ إِلَّا أَنَا فَاعْبُدْنِي وَأَقِمِ الصَّلَاةَ لِذِكْرِي) আমিই আপনার রব, অতএব আপনার পাদুকা খুলে ফেলুন, কারণ আপনি পবিত্র ‘তুওয়া’ উপত্যকায় রয়েছেন। এবং আমি আপনাকে মনোনীত করেছি। অতএব যা ওহী পাঠানো হচ্ছে আপনি তা মনোযোগের সাথে শুনেন। আমিই আল্লাহ, আমি ছাড়া অন্য কোন ইলাহ নেই। অতএব আমার ‘ইবাদাত করুন এবং আমার স্মরণার্থে সালাত কয়েম করুন। [সূরা ত্বা-হাঃ ১২–১৪] অনুরূপভাবে সূরা আল-কাসাসে বলা হয়েছে, (فَلَمَّا أَتَاهَا نُودِيَ مِنْ شَاطِئِ الْوَادِ الْأَيْمَنِ فِي الْبُقْعَةِ الْمُبَارَكَةِ مِنَ الشَّجَرَةِ أَنْ يَا مُوسَىٰ إِنِّي أَنَا اللَّهُ رَبُّ الْعَالَمِينَ) “যখন মূসা আগুনের কাছে পৌছলেন তখন উপত্যকার দক্ষিণ পাশে পবিত্র ভূমির উপর অবস্থিত একটি গাছের দিক থেকে তাঁকে ডেকে বলা হল, হে মূসা! আমিই আল্লাহ, সৃষ্টিকুলের রব; [সূরা আল-কাসাসঃ ৩০]

এ সূরাত্রয়ের দৃষ্টিভঙ্গি বিভিন্নরূপ হলেও বিষয়বস্তু প্রায় একই। তা এই যে, সে রাত্রিতে আল্লাহ্ তা'আলা তুর পাহাড়ের কাছে এক গাছে মূসা আলাইহিস সালামকে তাঁর আলো দেখালেন। আয়াত থেকে এটাই জানা যাচ্ছে যে, আল্লাহ তাকে জানিয়ে দিলেন, যিনি তাকে সম্বোধন করছেন, তার সাথে আলাপ করছেন, তিনি তার একমাত্র প্রবল পরাক্রমশালী রব, যিনি সবকিছুকে তাঁর ক্ষমতা, প্রভাব, ও শক্তি দিয়ে অধীন করে রেখেছেন। তিনি তার প্রতিটি কাজ ও কথা প্রজ্ঞার সাথে সম্পন্ন করেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৯) হে মূসা! আমি তো আল্লাহ, পরাক্রমশালী, প্রজ্ঞাময়। [1]

[1] গাছ হতে ডাক আসা মূসা (আঃ)-এর জন্য আশ্চর্যজনক ছিল। আল্লাহ তাআলা বললেন, মূসা! আশ্চর্য হবার কিছু নেই। আমিই আল্লাহ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3168

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন